

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
Web: www.ntcc.gov.bd

স্মারক নং-স্বাপকম/এনটিসিসি/আইন ও বিধি বাস্তবায়ন/২০১৫/৪৭২

তারিখঃ ১৬ মার্চ ২০১৬ খ্রিঃ


গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সিগারেট, বিড়ি, জর্দা এবং গুলসহ সকল প্রকার তামাকজাত দ্রব্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ অনুযায়ী ১৯ মার্চ ২০১৬ খ্রিঃ তারিখ হতে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার উপরিভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ স্থান জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ করতে হবে। ১৯ মার্চ, ২০১৬ খ্রিঃ তারিখ থেকে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী ব্যতিত কোন তামাকজাত দ্রব্য বিক্রয় ও বাজারজাত করা যাবে না।

তবে কোন প্রতিষ্ঠান অত্যাৱশ্যক মনে করলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে তামাকজাত দ্রব্যের প্যাকেট, কার্টন বা কৌটার নিম্নভাগের অনূন্য শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ স্থান জুড়ে সচিত্র স্বাস্থ্য সতর্কবাণী মুদ্রণ করতে পারে।

কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান এ আইনের বিধান লংঘন করলে তিনি অনূর্ধ্ব ছয় মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক দুই লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হবেন এবং উক্ত ব্যক্তি দ্বিতীয়বার বা পুনঃ পুনঃ একই ধরনের অপরাধ সংঘটন করলে পর্যায়ক্রমিকভাবে উক্ত দণ্ডের দ্বিগুণ হারে দণ্ডনীয় হবেন।

উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশক্রমে এই বিজ্ঞপ্তি জারি করা হ'ল।


১৬/৩/১৬

সহকারী

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
ফোন: ৯৫৮৫১৩৫